10 গণপ্রজাতন্ত্রী চিনের রাজনৈতিক ব্যবস্থায় কমিউনিস্ট দলের ভূমিকা ব্যাখ্যা করো।

উত্তর

## গণপ্রজাতন্ত্রী চিনের রাজনৈতিক ব্যবস্থায় কমিউনিস্ট দলের ভূমিকা

Role of Communist Party

চিনের রাজনৈতিক ব্যবস্থায় কমিউনিস্ট দল খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। চিনের বিভিন্ন প্রতিষ্ঠান এই দলের নির্দেশিত পথ অনুসরণ করে। চিনের সামাজিক-রাজনৈতিক ব্যবস্থায় যেসব নীতি গৃহীত হয় তার প্রধান চালিকা-শক্তি হিসাবে কমিউনিস্ট পার্টি কাজ করে।

### কমিউনিস্ট দলের লক্ষ্য

গণপ্রজাতন্ত্রী চিনের কমিউনিস্ট দলের কর্মসূচিতে জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে কতকগুলি লক্ষ্য নির্ধারিত হয়েছে।

National level.

[1] জাতীয়ক্ষেত্রে দলের লক্ষ্য :

[a] **সমাজতান্ত্রিক আধুনিকীকরণ:** চিনের সকল জাতি যাতে সমাজতান্ত্রিক আধুনিকীকরণের পথে পরিচালিত হতে পারে সেদিকে লক্ষ রাখা কমিউনিস্ট দলের কাজ।

Scanned with CamScanner

[b] **জনগণকে নেতৃত্বদান:** উচ্চ পর্যায়ে বৈষয়িক ও সমাজতান্ত্রিক আদর্শভিত্তিক সভ্যতা প্রতিষ্ঠা ক্ষেত্রে জনগণকে নেতৃত্ব দেওয়া অপর একটি উল্লেখযোগ্য লক্ষ্য।

[c] **গণতান্ত্রিক উন্নয়ন:** সমাজতান্ত্রিক গণতন্ত্রের উন্নয়ন যাতে সম্ভব হয় তার জন্য সমাজতান্ত্রিক আইন ব্যবস্থাকে পুরোপুরি কার্যকর করা এই দলের লক্ষ্য।

[d] **সাম্য-ঐক্য ও পারস্পরিক সহযোগিতা রক্ষা:** চিনের সকল জাতির জনগণ যাতে সমতা, ঐক্য পারস্পরিক সহযোগিতা বজায় রাখতে পারে এবং আঞ্চলিক স্বায়ত্তশাসন প্রতিষ্ঠা করতে পারে সে ব্যাপারে অবিচল থাকা কমিউনিস্ট দলের লক্ষ্য।

International level.

[2] **আন্তর্জাতিক ক্ষেত্রে দলের কর্তব্য :** আন্তর্জাতিক ক্ষেত্রে কমিউনিস্ট দল যেসব নীতি অনুসরণের কথা বলেছে তা হল—

[a] **বিশ্বশান্তি প্রতিষ্ঠা:** আন্তর্জাতিক ক্ষেত্রে কমিউনিস্ট দলের লক্ষ্য হল সাম্রাজ্যবাদ, আধিপত্যবাদ ও উপনিবেশবাদের বিরোধিতা করা এবং বিশ্বশান্তি ও মানব-প্রগতির সপক্ষে শ্রমিক শ্রেণি, শোষিত জনগণের সঙ্গে সংহতি প্রতিষ্ঠা করা।

[b] **পঞ্চশীল নীতির বাস্তবায়ন:** আন্তর্জাতিক ক্ষেত্রে পঞ্চশীল নীতির ভিত্তিতে দেশ যাতে সুসম্পর্ক বজায় রাখতে পারে সেদিকে লক্ষ্য রাখা কমিউনিস্ট দলের কর্তব্য।

## সরকার পরিচালনা

Control over govt

গণপ্রজাতন্ত্রী চিনের সংবিধান অনুসারে, কমিউনিস্ট দলের দ্বারা পরিচালিত জনগণের যুক্তফ্রন্ট দ্বারা চিন শাসিত হবে। এটি সমাজতন্ত্রে উত্তরণের প্রথম স্তর। যদিও কমিউনিস্ট দল বাস্তবে চিনের শাসন প্রতিষ্ঠা করেছে। অনেকেই মনে করেছেন যে, তিনটি দিক থেকে দল ও সরকারের সম্পর্ক লক্ষ করা যায়। যথা—[1] রাষ্ট্রের কোনো কোনো কাজের ক্ষেত্রে দল রাষ্ট্রকে নির্দেশ দেয়। [2] কমিউনিস্ট দল তার কিছু নীতি বাস্তবায়নের জন্য রাষ্ট্র ও রাষ্ট্রীয় সংস্থার থেকে সাহায্য নেয়। [3] রাষ্ট্র ব্যবস্থায় কাজের জন্য এমন কিছু ব্যক্তিদের মনোনীত করা হয় যারা দলের বিশ্বস্ত ও যোগ্য নেতা হিসেবে পরিচিত, আবার অনেক সময় দল বর্হিভূত ব্যক্তিও হতে পারে।

## রাষ্ট্রব্যবস্থা নিয়ন্ত্রণ সংক্রান্ত কাজ

Control state administration

গণপ্রজাতন্ত্রী চিনের রাষ্ট্র ব্যবস্থাকে কমিউনিস্ট দল প্রধানত তিনটি দিক থেকে নিয়ন্ত্রণ করে। যথা—

[1] **সরকারের কাজ পরিচালনা:** দেশের উর্ধ্বতন ক্ষেত্রগুলিতে কমিউনিস্ট দলের মুখ্য নেতারা থাকায় তাদের দ্বারাই কার্যত সরকারের বিভিন্ন কাজ পরিচালিত হয়। দলের মুখ্য নেতাদের সিদ্ধান্তকে বাতিল করে কোনো রাষ্ট্রীয় সংস্থা কাজ করতে পারে না। এর ফলে কার্যত সরকারি সংস্থাগুলি কমিউনিস্ট দলের দ্বারাই নিয়ন্ত্রিত হয়।

[2] **সরকারি কাঠামো নিয়ন্ত্রণ:** গণপ্রজাতন্ত্রী চিনে সরকারের কাঠামো ও দলের কাঠামো উভয়ই পিরামিডের মত হওয়ায় স্বাভাবিকভাবেই রাজনৈতিক দল সরকারি কাঠামো নিয়ন্ত্রণ করতে পারে। সরকারের কেন্দ্রীয় ও আঞ্চলিক সংস্থাসমূহ, টাউনশিপ, ছোটো ছোটো শহরের গণ-কংগ্রেস প্রতিটি স্তরেই কমিউনিস্ট দলের সংশ্লিষ্ট সংগঠন রয়েছে। এইসব স্তরে সরকারি কাজকর্ম যথাযথভাবে হচ্ছে কি না তা তারা লক্ষ রাখে। তা ছাড়া দলীয় কমিটির কাছে এলাকার দলীয় সদস্যদের নিজস্ব কার্যবিবরণী জানাতে হয় বলে এইসব সদস্য সরকারি কাজগুলির মূল্যায়ন করে। এর ফলে কার্যত কমিউনিস্ট দলের প্রাধান্য প্রতিষ্ঠিত হয়।

[3] **সদস্যদের দ্বারা নজরদারি:** চিনের বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানগুলিতে কমিউনিস্ট দলের সদস্যরা কাজ করে। কমিউনিস্ট দলের এইসব সদস্য লক্ষ রাখে সরকারি প্রতিষ্ঠানগুলিতে কাজ সঠিকভাবে

Scanned with CamScanner

পালিত হচ্ছে কি না। যদি কমিউনিস্ট দলের সদস্যরা দেখেন ওইসব সরকারি প্রতিষ্ঠানে নীতি, আদর্শ প্রভৃতি যথাযথভাবে পালিত হচ্ছে না, তাহলে দলীয় শৃঙ্খলা ভাঙার অপরাধে শাস্তির ব্যবস্থা করতে পারে। এইভাবেও কমিউনিস্ট দল দ্বারা সরকার নিয়ন্ত্রিত হয়।

## সামরিক বাহিনীতে দলের সদস্য

Controls armed forces

গণপ্রজাতন্ত্রী চিনের সামরিক বাহিনীতে দলের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হয়েছে। গণমুক্তি ফৌজের দলীয় সংগঠনগুলি দলের কেন্দ্রীয় কমিটির নির্দেশ অনুসারে কাজ করে। কমিউনিস্ট দলের কেন্দ্রীয় কমিটির সামরিক কামিশনের রাজনৈতিক কার্যাবলি পরিচালনার জন্য গণমুক্তি ফৌজের সাধারণ রাজনৈতিক বিভাগ বর্তমান। কেন্দ্রীয় সামরিক কমিশনের সভাপতি, সহসভাপতিবৃন্দ ও অন্যান্য সদস্য কমিউনিস্ট দলের নেতাদের মধ্য থেকেই নির্বাচিত হন। তাই বাস্তবে কমিউনিস্ট দলের সিদ্ধান্ত দ্বারাই তারা পরিচালিত হয়। এর ফলে সামরিক বাহিনীর ওপর দলীয় নেতাদের যে আধিপত্য প্রতিষ্ঠিত হয় তার দ্বারা সামরিক বাহিনী নিয়ন্ত্রিত হয়।

## মূল্যায়ন

গণপ্রজাতন্ত্রী চিনে সামাজিক, রাজনৈতিক, সাংস্কৃতিক, সামরিক এমনকি আন্তর্জাতিক ক্ষেত্রেও সরকারি কার্যাবলি পরিচালনায় কমিউনিস্ট দলের প্রাধান্য বর্তমান। তথাপি বিভিন্ন দিক থেকে এই দলীয় কার্যাবলিব্যবস্থা সমালোচিত হয়েছে। প্রথমত, সমালোচকদের মতে চিনের রাজনৈতিক ব্যবস্থায় দলীয় একনায়কত্ব প্রতিষ্ঠিত হয়েছে। প্রলেতারীয় শ্রেণির একনায়কত্ব কায়েম করতে গিয়ে বাস্তবে দলীয় একনায়কত্ব কায়েম হওয়ায় গণতন্ত্র বিপদাপন্ন হয়েছে। দ্বিতীয়ত, গণপ্রজাতন্ত্রী চিনে একটি মাত্র রাজনৈতিক দলের প্রাধান্য প্রতিষ্ঠিত হওয়ায় বাস্তবে সকল নাগরিকের ব্যক্তিত্বের বিকাশের কোনো সুযোগ নেই। কারণ দলীয় শাসনের বাইরে তারা কোনো কাজ করতে পারে না। তৃতীয়ত, গণপ্রজাতন্ত্রী চিনের দলীয় ব্যবস্থার শীর্ষে মাত্র কয়েকজন নেতার নির্দেশই প্রযুক্ত হয়েছে। তার ফলে রাষ্ট্রীয় ব্যবস্থায় বাস্তবে কয়েকজন মাত্র ব্যক্তির নেতৃত্ব প্রতিষ্ঠিত। এই ব্যবস্থা গণতান্ত্রিক নীতির বিরোধী।

**উপসংহার:** পরিশেষে, চিনে দল ও সরকার এমন ওতপ্রোতভাবে জড়িত যে, একটিকে বাদ দিয়ে অপরটিকে ভাবা যায় না। এর ফলে কার্যত দলীয় নেতাদের দ্বারাই সরকার পরিচালিত হয়।

Scanned with CamScanner

প্রশ্ন 5 কীভাবে চিনের কমিউনিস্ট পার্টি গণপ্রজাতন্ত্রী চিনের সরকারকে নিয়ন্ত্রণ করে?

উত্তর

## কমিউনিস্ট পার্টিকর্তৃক গণপ্রজাতন্ত্রী চিনের সরকারকে নিয়ন্ত্রণ

গণপ্রজাতন্ত্রী চিনে কমিউনিস্ট দল সম্পর্কে সংবিধানের প্রস্তাবনায় উল্লেখ করা হয়েছে। কমিউনিস্ট দলকে বর্তমানে রাষ্ট্রীয় আইন সংবিধানের অধীনে আনা হয়েছে। এর ফলে, চিনের গণপ্রজাতন্ত্রী সরকারকে কমিউনিস্ট পার্টি প্রভাবিত করতে পারে। বর্তমানে তিনটি দিক থেকে কমিউনিস্ট দল সরকারকে নিয়ন্ত্রণ করে। যথা—

[1] **উর্ধ্বতন স্তরগুলিতে দলীয় নেতাদের অবস্থান :** দেশের উর্ধ্বতন ক্ষেত্রগুলিতে কমিউনিস্ট দলের মুখ্য নেতাদের মনোনীত করা হয়। উর্ধ্বতন ক্ষেত্রগুলিতে কমিউনিস্ট দলের মুখ্য নেতারা থাকায় তাদের দ্বারাই কার্যত সরকারের বিভিন্ন কাজ পরিচালিত হয়। দলের মুখ্য নেতাদের সিদ্ধান্তকে বাতিল করে কোনো রাষ্ট্রীয় সংস্থা কাজ করতে পারে না। এর ফলে, কার্যত সরকারি সংস্থাগুলি কমিউনিস্ট দলের দ্বারাই নিয়ন্ত্রিত হয়।

[2] **সরকারের বিভিন্ন সংস্থায় দলীয় নেতাদের অবস্থান :** গণপ্রজাতন্ত্রী চিনে সরকারের কাঠামো ও দলের কাঠামো উভয়ই পিরামিড আকৃতির মতো বিন্যস্ত হওয়ায় রাজনৈতিক দল স্বাভাবিকভাবেই সরকারি কাঠামোকে নিয়ন্ত্রণ করতে পারে। সরকারের কেন্দ্রীয় ও আঞ্চলিক সংস্থাসমূহ, টাউনশিপ, ছোটো ছোটো শহরের গণ-কংগ্রেস প্রতিটি স্তরেই কমিউনিস্ট দলের সংশ্লিষ্ট সংগঠন রয়েছে। সরকারি এইসব স্তরে যথাযথভাবে কাজকর্ম হচ্ছে কি না তা তারা লক্ষ রাখে। তা ছাড়া দলীয় কমিটির কাছে এলাকার

Scanned with CamScanner

দলীয় সদস্যদের নিজস্ব কার্যবিবরণী জানাতে হয় বলে এইসব সদস্য সরকারি কাজগুলির মূল্যায়ন করে। এর ফলে কার্যত সরকারি সংস্থাসমূহ ও প্রশাসনিক কার্যাবলি দল দ্বারা নিয়ন্ত্রিত হয়।

[3] **দলীয় সদস্যদের দ্বারা নিয়ন্ত্রণ:** গণপ্রজাতন্ত্রী চিনের বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে কমিউনিস্ট দলের সদস্যরা কাজ করে। কমিউনিস্ট দলের এইসব সদস্য লক্ষ রাখে সরকারি প্রতিষ্ঠানগুলিতে কাজ সঠিকভাবে হচ্ছে কি না। যদি কমিউনিস্ট দলের সদস্যরা দেখেন এইসব সরকারি প্রতিষ্ঠানে নীতি, আদর্শ প্রভৃতি যথাযথভাবে পালিত হচ্ছে না তাহলে দলীয়-শৃঙ্খলা ভঙ্গের অপরাধে তারা শাস্তির ব্যবস্থা করতে পারে। এইভাবেও কমিউনিস্ট দল দ্বারা গণপ্রজাতন্ত্রী চিনের সরকার নিয়ন্ত্রিত হয়।

Scanned with CamScanner

### Organisational Structure

The Communist Party of China, like the Soviet Communist Party, is a pyramidical, hierarchical organisation. There is a high degree of organisational articulation and the party strives for a high degree of control from the centre. From its apex in the central party organs, the party spreads out on a geographical and industrial basis through the regions, provinces, counties to the basic level units established in communes, factories, enterprises, offices, schools, residential areas and People's Liberation Army units.

Scanned with CamScanner